গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গজারিয়া,মুন্সীগঞ্জ।

স্মারকনং ০৫.৩০.৫৯২৪.০০২.০৭.০০১.২১-৩৪৫(৫০) তারিখ ঃ ২০/০৬/২০২২ খ্রি.।

"অস্থায়ী কোরবনীর হাট ইজারার দরপত্র বিজ্ঞপ্তি"

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের প্রশাসন-২ শাখার ২১ সেপ্টেম্বর, ২০১১ খ্রি. তারিখের ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১-৮৭০ নং স্মারকের নির্দেশনা এবং জেলা প্রশসাকের কার্যালয়, মুন্সীগঞ্জ এর ১৯/০৬/২০২২ খ্রি. তারিখের ০৫.৩০.৫৯০০.৩০৩.২০.০০১.১২-৫৬২ নং স্মারকের আলোকে আসন্ন পবিত্র ইদ-উল-আযহা, ২০২২ উপলক্ষ্যে এ উপজেলার নিম্নবর্ণিত অস্থায়ী কোরবানীর পশুর হাট ইজারা প্রদানের নিমিত্ত ইজারা গ্রহণে আগ্রহী দরদাতাদের নিকট হতে নির্ধারিত ফরমে নিম্নোক্ত সূচি ও শর্তে সীল মোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। উল্লেখ্য যে, হাট-বাজারের অনুকূলে ১ম বার দরপত্র গৃহীত না হলে ধরাবাহিকভাবে ধার্য্য তারিখসমূহে দরপত্র আহবান অব্যাহত থাকবে। এছাড়া, সর্বশেষ ধার্য তারিখের দর গৃহীত না হলে কর্তৃপক্ষ পুনরায় দরপত্র আহবান করতে পারবেন। দরপত্র দাখিলের নির্ধারিত তারিখ সকাল ৯.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত নির্ধারিত কার্যালয়সমূহে রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করা যাবে এবং একই দিনে বিকাল ৩.০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দরদত্রদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দাখিলকৃত দরপত্র খোলা হবে।

**কোরবানীর পশুর হাটের বিবরণ ঃ**

| ক্রঃ নং | হাটের নাম | কাঙ্খিত মূল্য | দরপত্রের মূল্য (অফেরৎ যোগ্য) |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ০১ | রসুলপুর বাজার অস্থায়ী গরু ছাগল বেচাকেনার হাট | ১,০০,৩৪৭/- | ৭০০/- |
| ০২ | ভাটেরচর বাজার অস্থায়ী গরু ছাগল বেচাকেনার হাট | ৪,৭৪,৩৫০/- | ১,৬০০/- |
| ০৩ | গজারিয়া পাইলট উচ্চ বিদ্যালয়ের সম্মুখের রাস্তার বিপরীতে অবস্থিত মাঠে অস্থায়ী কোরবানীর গরু ছাগল বেচাকেনার হাট হাট | ১,৩২,১৪৭/- | ১,০০০/- |
| ০৪ | নতুনচাষী অস্থায়ী কেরোবানীর গরু ছাগল বেচাকেনার হাট | ৫৬,৮৮৭/- | ৫০০/- |
| ০৫ | রায়পাড়া অস্থায়ী কোরবানীর গরু ছাগল বেচাকেনার হাট | ৭২,৪৩৪/- | ৫০০/- |
| ০৬ | বাউসিয়া পাখির মোড় অস্থায়ী কোরবানীর গরু ছাগল বেচাকেনার হাট | ৭০,০০০/- | ৫০০/- |

" দরপত্র ক্রয় ও দাখিলের সময়সূচি "

| দরপত্রের বিবরণ | দরপত্র ক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|
| ১ম বার | ২৬/০৬/২০২২ খ্রি. ১২ আষাঢ়, ১৪২৯ বঙ্গাব্দ রোজ রবিবার সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত। | ২৭/০৬/২০২২ খ্রি. ১৩ আষাঢ়, ১৪২৯ বঙ্গাব্দ রোজ সোমবার বিকাল ৩.০০ ঘটিকা |
| ২য় বার | ২৮/০৬/২০২২ খ্রি. ১৪ আষাঢ়, ১৪২৯ বঙ্গাব্দ রোজ মঙ্গলবার সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত। | ২৯/০৬/২০২২ খ্রি. ১৫ আষাঢ়, ১৪২৯ বঙ্গাব্দ রোজ বুধবার বিকাল ৩.০০ ঘটিকা |
| ৩য় বার | ৩০/০৬/২০২২ খ্রি. ১৬ আষাঢ়, ১৪২৯ বঙ্গাব্দ রোজ বৃহস্পতিবার সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত। | ০৩/০৭/২০২২ খ্রি. ১৯ আষাঢ়, ১৪২৯ বঙ্গাব্দ রোজ বুধবার বিকাল ৩.০০ ঘটিকা |

" শর্তাবলী "

০১। দরপত্র ফরম ও শর্তাবলী সম্বলিত বিস্তারিত তথ্য দরপত্র দাখিলের নির্ধারিত তারিখের পূর্ব দিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ে (ছুটির দিন ব্যতিত) নির্ধারিত মূল্যে (অফেরত্যোগ্য) নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় ছাড়াও (১) জেলা প্রশাসকের কার্যালয়, (রাজস্ব শাখা), মুন্সীগঞ্জ ও (২) সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, গজারিয়া, মুন্সীগঞ্জ হতে ক্রয় করা যাবে। দরপত্র দাখিলের জন্য ধার্য তারিখে কোন দরপত্র বিক্রয় করা হবে না।

০২ : দরপত্রদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলি ব্যাংক হতে " হাট-বাজার ইজারা তহবিল" এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জমা দিতে হবে এর কোন অন্যথা হলে দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত অর্থ হতে ২৫% ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে বাকী ৫% অর্থ জামানত হিসাবে জমা থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত নিজ খরচে সংশ্লিষ্ট হাট-বাজার পরিস্কার- পরিচ্ছন্ন না করলে উক্ত জামানত হতে খরচ মিটানো হবে। কোরবানীর হাটের মেয়াদ উত্তীর্ণের পর খরচকৃত টাকা বাদে অবশিষ্ট টাকা ফেরত দেয়া হবে।

০৩। দরপত্রসমূহে বর্ণিত সময়সূচি মোতাবেক জেলা প্রশাসকের কার্যালয় (রাজস্ব শাখা), নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় ও সহকারী কমিশনার (ভূমি), গজারিয়া, মুন্সীগঞ্জ এর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করা যাবে।

০৪। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট অর্থ, মোট দাখিলকৃত দরের উপর ১০% আয়কর (১-১১৪১-০০১৫-০১১১ নং কোড) এবং ১৫% ভ্যাট (১-১১৩৩-০০১০-০৩১১ নং কোড) অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে। অন্যথায়, বাজারের জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০৫। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অর্থ যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের চেয়ে কম হয় তা হলে পুনরায় দরপত্র আহবান করা হবে।

০৬। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য হাট-বাজারের জন্য দরপত্র ব্যবহার করা যাবে না। এক দফার জন্য ক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।

০৭। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে লিখতে হবে।

০৮। সরকার অনুমোদিত হার মোতবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।

০৯। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

১০। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না।

১১। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) ০৩(তিন) কার্যদিবসের মধ্যে ২৫০/- (দুই শত পঞ্চাশ) টাকা মূল্যমানের নন জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১২। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩। কোন প্রকার কাটাকাটি, ঘষা-মাজা এবং লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৪। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল কর যাবে।

১৫। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৬। ইজারাদার কর্তৃক টোল আদায়ে ব্যর্থতার জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

১৭। জনসাধারণের চলাচলের রাস্তা/শিক্ষা প্রতিষ্ঠানের মাঠে হাট বসানো যাবেনা।

১৮। উল্লিখিত শর্তাবলীতে উল্লেখ নেই অথচ আইন দ্বারা স্বীকৃত এমন শর্তাবলী ইজারাদার মেনে চলতে বাধ্য থাকবেন।

20/03/22


(জিয়াউল ইসলাম চৌধুরী)
উপজেলা নির্বাহী অফিসার
গজারিয়া, মুন্সীগঞ্জ।
মোবাইল:০১৭৬২৬৮৭২৫৭
E-mail: unogajaria@gmail.com


স্মারক নং ০৫.৩০.৫৯২৪.০০২.০৭.০০১.২১-৩৪৫(৫)

তারিখ ঃ ২০/০৬/২০২০খ্রি.।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনী ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

০১। জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ।
০২। পুলিশ সুপার, মুন্সীগঞ্জ।
০৩। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মুন্সীগঞ্জ
০৪। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) মুন্সীগঞ্জ।
০৫। চেয়ারম্যান, গজারিয়া উপজেলা পরিষদ, মুন্সীগঞ্জ ।
০৬। উপজেলা ----------------------------------------------কর্মকর্তা, গজারিয়া, মুন্সীগঞ্জ।
০৭। সহকারী কমিশনার (ভূমি), গজারিয়া , মুন্সীগঞ্জ। তাঁকে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
০৮। অফিসার ইন-চার্জ, গজারিয়া থানা, মুন্সীগঞ্জ। তাঁকে দরপত্র দাখিলের তারিখসমূহে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়েন করার জন্য অনুরোধ করা হলো।

০৯। চেয়ারম্যান , ------------------------- ইউনিয়ন পরিষদ(সকল) গজারিয়া। তাঁকে বিজ্ঞপ্তিটি নিজ নিজ এলাকায় ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ পূর্বক জারী রিটার্ণ দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

১০। পোষ্ট মাষ্টার, গজারিয়া, মুন্সীগঞ্জ।

১১। জনাব ----------------------------------

১২। অফিস নথি /নোটিশ বোর্ড, এ কার্যালয়।

20/03/22

উপজেলা নির্বাহী অফিসার
গজারিয়া, মুন্সীগঞ্জ।